



নম্বর 202.7

নির্বাহী আদেশ

**সাময়িক স্বগিতাদেশ ও আইনের পরিবর্তন অব্যাহত রাখা
দুর্যোগকালীন পরিস্থিতিতে জরুরি অবস্থাসংক্রান্ত**

যেখানে, 07 মার্চ 2020 তারিখে আমি নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি, যা স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

যেখানে, করোনাভাইরাস ডিজিজ 2019-এর (COVID-19) জরুরি দুর্যোগের জন্য সময়োপযোগী ও কার্যকর প্রতিক্রিয়ার সুবিধার্থে, নিউ ইয়র্ক স্টেটের পক্ষে পণ্য, পরিষেবা, পেশাদারদের এবং সমস্ত ধরনের স্বৈচ্ছাসেবকদের সংগ্রহ, সমন্বয়, এবং স্থাপনের জন্য দ্রুত কাজ করতে সক্ষম হওয়া জরুরী; এবং

অতএব, এখন, আমি, অ্যান্ড্রু এম. কুডমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্যপালনের কর্তৃত্বের দ্বারা যে কোনও সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চলতে হয় তবে দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ বাধা দিতে বা বিলম্ব করতে হবে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার প্রয়োজন হলে, আমি এতদ্বারা এই কার্যনির্বাহী আদেশের তারিখ এপ্রিল 18, 2020 থেকে সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করলাম:

- কার্যনির্বাহী আদেশ 202.6 অনুসারে, ধারা 73 এবং ধারা 74-এর বিধান সহ সরকারী কর্মকর্তা আইনে (Public Officer's Law) করা স্বগিতাদেশগুলো এইভাবে সংশোধন করা হয়েছে যে, এই ধরনের স্বগিতাদেশ ও সংশোধন কেবলমাত্র নামমাত্র বা বেতনহীন বা স্বৈচ্ছাসেবার জন্য নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে বৈধ হতে পারে।

এছাড়াও, কার্যনির্বাহী আইনের (Executive Law) অনুচ্ছেদ 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্যপালনের কর্তৃত্বের দ্বারা দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় একটি দুর্যোগকালীন জরুরি সময়ে কোনও নির্দেশনা জারি করার ক্ষমতার মাধ্যমে, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশের নির্দেশাবলী জারি করছি নিম্নোক্ত সময় থেকে এপ্রিল 18, 2020 পর্যন্ত কার্যকর হবে:

- নিউ ইয়র্ক স্টেট আইনের (New York State law) অধীনে প্রয়োজনীয় যে কোনও দলিলপত্র সম্পাদন-সংক্রান্ত আইনে (notarial act) নীচের শর্তগুলো পূরণ করা হলে তা অডিও-ভিডিও (audio-video) প্রযুক্তি ব্যবহার করে সম্পাদনের জন্য অনুমোদিত হয়:
 - o নোটারির (Notary) পরিষেবা অনুসন্ধানকারী ব্যক্তি, যদি নোটারির ব্যক্তিগতভাবে পরিচিত না হয়ে থাকেন তবে অবশ্যই ভিডিও কনফারেন্সের (video conference) সময় নোটারির কাছে বৈধ ছবি সম্বলিত পরিচয়পত্র (photo ID) উপস্থাপন করতে হবে, এটি কেবল আগে বা পরে সঞ্চারিত হবে তা নয়;

- o ভিডিও কনফারেন্সে অবশ্যই ব্যক্তি এবং নোটারির মধ্যে সরাসরি আলাপচারিতার অনুমতি দিতে হবে (যেমন, স্বাক্ষরকারী ব্যক্তির পূর্বে ধারণকৃত কোনও ভিডিও নয়);
 - o সেই ব্যক্তিকে অবশ্যই নিশ্চিতভাবে উপস্থাপন করতে হবে যে সে শারীরিকভাবে নিউ ইয়র্ক স্টেটে উপস্থিত;
 - o ব্যক্তিকে অবশ্যই ফ্যাক্স বা বৈদ্যুতিক মাধ্যমে স্বাক্ষরিত নথির স্বাক্ষরের তারিখের একই দিনের একটি প্রামাণ্য অনুলিপি নোটারির নিকটে প্রেরণ করতে হবে;
 - o নোটারি নথির সঞ্চারিত প্রতিলিপি নোটারিকরণ (notarize) করে এবং সেই ব্যক্তিকে সেটি পুনরায় প্রেরণ করতে পারবেন; এবং
 - o নোটারি কার্যকর করার তারিখে মূল স্বাক্ষরিত নথিটির নোটারিকরণের পুনরাবৃত্তি করতে পারেন তবে শর্ত থাকে যে নোটারি বৈদ্যুতিক নোটারিকৃত অনুলিপিসহ একই ধরনের আসল স্বাক্ষরিত দলিল প্রাপ্ত হন ত্রিশ দিনের মধ্যে কার্যকর হওয়ার তারিখ থেকে।
- 21 মার্চ, 2020 রাত 8টা থেকে কার্যকরী এবং পরবর্তী বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত সমস্ত নাপিতের দোকান, চুলের সেলুন, উষ্ণি বা ছিদ্রকারী পার্লার এবং এগুলো সম্পর্কিত ব্যক্তিগত যন্ত্রের পরিষেবা জনসাধারণের জন্য বন্ধ থাকবে। এর মধ্যে নেইল টেকনিশিয়ান, কসমেটোলজিস্ট ও এস্কেটিশিয়ানস এবং ইলেক্ট্রোলাইসিসের ব্যবস্থা, লেজার হেয়ার রিমুভাল সার্ভিসের অন্তর্ভুক্ত থাকবে, যেহেতু এই সেবাদানের সময় সামাজিক দূরত্ব বজায় রাখা যায় না।
 - নির্বাহী আদেশ 202.6-এর বিধানগুলো ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে কাজ করার নিষেধাজ্ঞার প্রয়োজনীয়তার সাথে সংশোধিত হয়েছে: 21 মার্চ, 2020 রাত 8 টা থেকে ফলোংপাদক এবং পরবর্তী বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত সমস্ত ব্যবসা• , এবং স্টেটের অলাভজনক সংস্থাগুলো যথাসম্ভব ব্যবহার করবে, যেকোনো টেলিযোগাযোগ বা বাড়িতে থেকে কাজ করার উপায় যা তারা নিরাপদে কাজে লাগাতে পারবে। প্রত্যেক নিয়োগকর্তার ব্যক্তিগতভাবে উপস্থিত থাকতে হয় এমন কর্মীদের যে কোনও কর্মস্থলে অবস্থান 75% পর্যন্ত কমিয়ে আনবেন 21 মার্চ রাত 8টার মধ্যে। যে কোনও প্রয়োজনীয় ব্যবসা বা সত্তা যা, প্রয়োজনীয় পরিষেবা বা কার্যাদি সরবরাহ করে তা ব্যক্তিগত সীমাবদ্ধতার বিষয় হবে না।



আমার স্বহস্তে প্রদত্ত এবং প্রাইভি সিল দ্বারা স্টেটের

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

মার্চের আঠারোতম দিনে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব